

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর- ৩৮.০০.০০০০.০০৮.১৯.০১৪.২০-১৮

তারিখঃ ৩০ পৌষ ১৪৩১
১৪ জানুয়ারি ২০২৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের অনলাইনে একই উপজেলা/ থানায় বদলির কার্যক্রমের প্রচারণা সংক্রান্ত।

সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১০/১২/২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.০০৮.১৯.০১০.১৬-৬৪৩ নং স্মারক।
২। এ মন্ত্রণালয়ের ২৬/১২/২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.০০৮.১৯.০১০.১৬-৬৮১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩ এর উপানুচ্ছেদ ১.১ এর নির্দেশনা অনুযায়ী অনলাইন সফটওয়্যারের মাধ্যমে জানুয়ারি ২০২৫ মাস হতে সারাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের কেবলমাত্র একই উপজেলা/থানায় (সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) বদলির কার্যক্রম শুরু করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং স্মারকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সহকারী শিক্ষকগণের যাবতীয় অফলাইন/ প্রশাসনিক বদলি/ সংযুক্তির কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, অনলাইনে বদলির কার্যক্রম জানুয়ারি, ২০২৫ মাস হতে মার্চ, ২০২৫ মাস পর্যন্ত চলমান থাকবে।

০২। এমতাবস্থায়, অনলাইন সফটওয়্যারের মাধ্যমে সারাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের কেবলমাত্র একই উপজেলা/থানায় বদলির এ কার্যক্রম সফলভাবে সম্পন্নের লক্ষ্যে সংশ্লিষ্টদের অবহিতকরণ ও বিষয়টি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

R. Sult
১৪/০১/২৫
রেবেকা সুলতানা
উপসচিব

ফোন: +৮৮-০২২২৩৩৫৭২৫৫

ইমেইল-sassch2@mopme.gov.bd

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল),
- ২। জেলা প্রশাসক (সকল),
- ৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব (সকল), মন্ত্রণালয়/ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব (সকল), মন্ত্রণালয়/ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৭। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড ও স্ক্রলে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (বিদ্যালয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (বিদ্যালয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।